রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, জুন ৩, ১৯৯৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**রাজনৈতিক শাখা-৪**

**প্রজ্ঞাপন**

**তারিখ, ২রা জুন ১৯৯৯/১৯শে জ্যৈষ্ঠ ১৪০৬**

এস, আর, ও নং ১১৯-আইন/৯৯ ইং বিবিধ-৭/৯১ (রাজ-৪)—**যেহেতু সরকার** আগামী ৫ই জুন, ১৯৯৯ ইং তারিখে বাংলাদেশের বরগুনা, পটুয়াখালী, পিরোজপুর, নোয়াখালী জেলার যথাক্রমে বেতাগী, গলাচিপা, স্বরূপকাঠী ও কবিরহাট পৌরসভায় অনুষ্ঠিতব্য সাধারণ নির্বাচনের সময় উক্ত নির্বাচনী এলাকার ভোট কেন্দ্রসমূহে শান্তি-শৃংখলা বজায় রাখার লক্ষ্যে লাইসেন্সধারী অস্ত্র মালিকদের উক্ত নির্বাচনী এলাকায় অস্ত্রসহ চলাফেরা করার উপর জনস্বার্থে নিষেধাজ্ঞা আরোপ করা সমীচীন বলিয়া মনে করে;

সেহেতু Arms Act, 1878 (XI of 1878) এর section 17A এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনস্বার্থে আগামী ০৩-০৬-৯৯ তারিখ সকাল ৬-০০ ঘটিকা হইতে ০৬-০৬-৯৯ ইং তারিখ সন্ধ্যা ৬-০০ ঘটিকা পর্যন্ত সময়ের মধ্যে লাইসেন্সধারী অস্ত্র মালিকদের উক্ত নির্বাচনী এলাকায় অস্ত্রসহ চলাফেরা করার উপর নিষেধাজ্ঞা আরোপ করিল। যাহারা এই আদেশ লংঘন করিবেন তাঁহাদের বিরুদ্ধে উক্ত section 17A এর sub-section (2)তে বর্ণিত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২। এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা ঃ—

(ক) নির্বাচনে আইন-শৃংখলা রক্ষার সহিত সম্পৃক্ত শৃংখলা বাহিনীর সকল সদস্য;



মূল্য ঃ টাকা ২·০০

(খ) বিভিন্ন সরকারী, আধাসরকারী এবং বেসরকারী দপ্তর, প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরী।

ব্যাখ্যা—এই আদেশে "শৃংখলা বাহিনী" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫২ অনুচ্ছেদে সংজ্ঞায়িত শৃংখলা বাহিনী।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ আমিনুল হক চৌধুরী
উপ-সচিব (রাজনৈতিক)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।